DEC. 29 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# বুয়েট শিক্ষক সমিতির নয়া কার্যনির্বাহী পরিষদের নির্বাচন সম্পন্ন

বুয়েট রিপোর্টার ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষক সমিতির নতুন কার্যনির্বাহী পরিষদের নির্বাচন বৃহস্পতিবার সম্পন্ন হয়েছে। নির্বাচনে পুরকৌশল বিভাগের অধ্যাপক হাবিবুর রহমান সভাপতি এবং ড. হাসিব মোহাম্মদ আহসান সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

কার্যনির্বাহী পরিষদের ১৩টি পদের মধ্যে ৬টি পদে নির্বাচন অনুষ্ঠিত হয়। এবারের নির্বাচনের উল্লেখযোগ্য দিক ছিল প্রতিদ্বন্দ্বীর সংখ্যা বৃদ্ধি। নির্বাচনে সহসভাপতি পদে সর্বাধিক ৩ জন প্রতিদ্বন্দ্বিতা করেন। বুয়েট সমিতির কার্যনির্বাহী পরিষদ ২০০২-এর নির্বাচিত অন্য প্রতিনিধিরা হলেন সহসভাপতি অধ্যাপক চৌধুরী মফিজুর রহমান (কম্পিউটার কৌশল), যুগ্ম সম্পাদক মুনাজ আহমেদ নূর (পুরকৌশল), কোষাধ্যক্ষ মোঃ মাসুদ করিম (নৌযান ও নৌপ্রকৌশল), প্রমোদ সম্পাদক একেএম আক্তার হোসেন (পদার্থবিজ্ঞান), পত্রিকা সম্পাদক ড. মুহম্মদ মাহবুবুল আলম (যন্ত্রকৌশল), সদস্য ড. মোঃ সাইফুর রহমান, ড. আব্দুল হাসিব চৌধুরী, ড. মুহম্মদ রিজওয়ান খান, ড. মোঃ আয়নাল হক (তড়িৎ কৌশল), নজরুল ইসলাম (রসায়ন), মনিরুল আলম সরকার (গণিত)।